

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার নং-১৪

১২ জুলাই ২০২১
তারিখঃ -----
২৮ আষাঢ় ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

Prudential Regulations for Consumer Financing

শিরোনামোক্ত বিষয়ে ০৩ নভেম্বর ২০০৪ তারিখে জারিকৃত Prudential Regulations for Consumer Financing সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-০৭ এবং ২২ জানুয়ারি ২০১২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৩ এর প্রতি ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠানেই বর্তমানে অনলাইন ক্লাসের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চলমান থাকায় শিক্ষক/শিক্ষার্থী এবং শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ডিভাইস এর ব্যবহার বৃদ্ধি পেয়েছে। এছাড়া, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রূপকল্প “ডিজিটাল বাংলাদেশ” গড়ার অংশ হিসেবে তৃণমূল পর্যায়ে নির্ভরযোগ্য ডিজিটাল অভিজ্ঞতা এবং তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ মানবসম্পদ উন্নয়নে আইসিটি খাতে অর্থায়নকে উৎসাহিত করা হচ্ছে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ভোক্তা ঋণের আওতায় গ্রাহকের অনুকূলে ডিজিটাল ডিভাইস (ল্যাপটপ/মোবাইল/কম্পিউটার/ট্যাব ইত্যাদি) ক্রয় বাবদ ঋণ বিতরণের ক্ষেত্রে বিদ্যমান ঋণ-মার্জিন অনুপাত ৩০:৭০ এর পরিবর্তে সর্বোচ্চ ৭০:৩০ অনুপাত অনুসরণ করা যাবে।

০৪। এতদ্ব্যতীত বাংলাদেশ ব্যাংকের Prudential Regulations for Consumer Financing, 2004 ও তদসংশ্লিষ্ট বিদ্যমান সার্কুলার/সার্কুলার লেটারসমূহে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী পরিপালন নিশ্চিত করতে হবে।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২